# সফটওয়্যারের কারুকাজ

## গ্যাজেট রিস্টোর করা

উইন্ডোজ ৭-এ সিকিউরিটি তথা নিরাপত্তার ব্যাপারটিকে সুদৃঢ় করেছে গ্যাজেট রান করানোকে প্রত্যাখ্যান করার মাধ্যমে, যদি ইউএসি তথা ইউজার অ্যাকাউন্ট কন্ট্রোল বন্ধ থাকে। ক্ষতিকর ম্যালিসাসকে সীমিত করার জন্য কিছু গ্যাজেটকে আনসাইন করুন। যদি ইউএসি ডিজ্যাবল করা হয়, তাহলে গ্যাজেট হারাবেন এবং নিরাপত্তা বিষয়ে ঝুঁকিমুক্ত থাকতে পারবেন। আপনি ইচ্ছে করলে সহজেই রেজিস্ট্রির পথে সবকিছুই ফিরে পাবেন। এজন্য রেজিস্ট্রি রান করিয়ে নিচে উল্লিখিত উপায় নেভিগেট করুন :

HKEY_LOCAL_MACHINE\SOFTWARE\Microsoft-Windows\CurrentVersion\Sidebar\Settings। এবার তৈরি করুন নতুন DWORD ভ্যালু, যা AllowElevatedProcess হিসেবে পরিচিত। এই ভ্যালুকে 1-এ সেট করুন। এর ফলে আপনার গ্যাজেট আবার সক্রিয় হয়ে উঠবে।

### নতুন ওয়ার্ডপ্যাড ফরম্যাট

বাই ডিফল্ট ওয়ার্ডপ্যাড ডকুমেন্ট সেভ হয় রিচ টেক্সট ফরম্যাটে ঠিক আগের মতোই। সেভ অ্যাজ ফরম্যাট লিস্ট ব্রাউজ করলে দেখতে পাবেন ফাইলকে। অফিস ২০০৭-এ .docx ফরম্যাট বা ওপেন ডকুমেন্ট তথা OpenDocument.odt ফরম্যাটেও সেভ করতে পারবেন।

### ডাটা প্রটেক্ট করা

ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ সহজে বহনযোগ্য, সুবিধাজনক ও খুব সহজেই হারিয়ে যেতে পারে, যা অন্যতম এক সমস্যা। বিশেষ করে যারা ইউএসবি ড্রাইভে গুরুত্বপূর্ণ ডাটা বহন করেন তাদের জন্য। তবে উইন্ডোজ ৭-এ সমস্যার এক সমাধান সম্পৃক্ত করা হয়েছে মাইক্রোসফটের বিটলকার টেকনোলজি দিয়ে। ডকুমেন্ট এনক্রিপ্ট করার মাধ্যমে এ কাজটি করা হয়। এ ক্ষেত্রে শুধু পাসওয়ার্ড দিয়ে ইউএসবি ড্রাইভে অ্যাক্সেস করা সম্ভব। এজন্য ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভে ডান ক্লিক করুন এবং Turn on Bitlocker সিলেক্ট করুন এবং পরবর্তী ধাপ অনুসরণ করে আপনার ব্যক্তিগত ডাটা প্রটেক্ট করুন।

**খায়রুল বাশার**
*সাতমাথা, বগুড়া*

## সিস্টেম রিস্টোর কাস্টোমাইজ করা

উইন্ডোজ ভিস্তার সিস্টেম রিস্টোর কনফিগার করার খুব কম সুবিধা রয়েছে। তবে উইন্ডোজ ৭-এ অবস্থার উন্নতি করা হয়েছে বেশ কিছু প্রয়োজনীয় অপশন সেটআপের মাধ্যমে।

* Start orb. তে ক্লিক করে কমপিউটারে ডান ক্লিক করুন এবং Properties→System Protection→Configure সিলেক্ট করুন।

* এরপর Max Usage ভ্যালুকে এমনভাবে সেট করুন, যাতে আপনার চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ হয়। লক্ষণীয়, এটি যত বড় হবে তত বেশি রিস্টোর পয়েন্ট ধারণ করবে এবং ছোট হলে ডিস্ক স্পেস সেভ হবে।

* System Restore আপনার উইন্ডোজ সেটিং সেভ করবে এমনটি যদি না চান, তাহলে 'Only restore previous versions of files' অপশন বেছে নিন। উইন্ডোজ ৭ আপনার রেজিস্ট্রি ব্যাকআপ করবে না। অর্থাৎ আপনি আরও রিস্টোর পয়েন্ট সঙ্কুচিত করতে এবং ফাইল ব্যাকআপ করতে পারবেন পর্যাপ্ত ডিস্ক স্পেসের জন্য। সিস্টেম রিস্টোর এমনভাবে কাজ করে, যা অনেকটা আনবুটেবল পিসিকে আবার কার্যক্ষম করে তোলার মতো। সুতরাং এ কাজটি নিজ দায়িত্বে করবেন।

### রান অ্যাজ

শিফট কী চেপে ধরে যেকোনো প্রোগ্রাম শর্টকাটে ডান ক্লিক করুন। এর ফলে একটি অপশন দেখতে পারবেন একজন ভিন্ন ব্যবহারকারী হিসেবে প্রোগ্রাম রান করানোর জন্য। এটি বেশ সহায়ক অপশন, যদি আপনি কিডস লিমিটেড অ্যাকাউন্টে লগ করেন। এজন্য দরকার উচ্চতর প্রিভিলেজে কিছু রান করানো। এটি বস্তুত কোনো নতুন ফিচার নয়। কেননা উইন্ডোজ এক্সপিতে রান অ্যাজ অপশন সম্পৃক্ত করা হয়েছে, যা একই কাজ করে। তবে মাইক্রোসফট এই ফিচারকে ভিস্তা থেকে সরিয়ে ফেলেছে। এর মূল ফিচার কিছুটা পরিবর্তন করা হয়েছে উইন্ডোজ ৭-এ।

**সাইফুল ইসলাম**
*মিরপুর, ঢাকা*

## ডান ক্লিক মেনু থেকে সেন্ড টু অপশন ডিজ্যাবল করা

অনেক সময় বিভিন্ন ধরনের ফাইল-ফোল্ডার সিডি, পেনড্রাইভে সেন্ড করার জন্য শর্টকাট পদ্ধতি অবলম্বন করে ফাইল ফোল্ডারের ওপর ক্লিক করে সেন্ড টু থেকে লোকেশনটি দেখিয়ে দেই। ফলে ফাইলটি উক্ত লোকেশনে চলে যায়। এ সেন্ড টু অপশনটি ডিজ্যাবল করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন।

০১. স্টার্ট 'রান' রেজিডিট টাইপ করে ওকে বাটনে ক্লিক করুন। ০২. রেজিস্ট্রি এডিটরের HKEY_CLASSES_ROOT\AllFilesystem Objects\shellex\ContextMenuHandlers\Send To লোকেশনে গিয়ে ডানপাশ থেকে ডিফল্টে ক্লিক করুন। ০৩. ভ্যালু ডাটা থেকে {7BA4C740-9E81-11CF-99D3-00AA004AE837} এই ধরনের যে মেসেজটি দেখতে পাবেন, তা কাট করে মুছে দিয়ে ওকে বাটনে ক্লিক করুন। ০৪. এবার কোনো ফাইল-ফোল্ডারের ওপর ডান ক্লিক করলে সেন্ড টু অপশনটি দেখতে পাবেন না।

লক্ষণীয়, যে ডাটাটি কাট করেছেন তা দিয়ে আবার সেন্ড টু অপশনটি এনাবল করতে পারেন। তাই এই ডাটা কোথাও সেভ করে রাখুন।

### ফেসবুক চ্যাটিং কোড

যেসব ব্যবহারকারী অনেক দিন ধরে চ্যাটিং করছেন তারা ফেসবুক ও অন্যান্য চ্যাটিং সাইটে কিছু চ্যাট কোড ব্যবহার করে থাকেন, যা নতুন ব্যবহারকারীদের বুঝতে সমস্যা হয়ে থাকে। তাদের জন্য কিছু চ্যাট কোড :

ASAP=As Soon As Possible
GN=Good Night
M/F=Are You Male or Female?
ASL=Tell me your Age, Sex and Location
IDK=I don't Know
SD=Sweet Dreams
BRB=Be Right Back
JK=Just Kidding
Tnx=Thanks
BTW=By The Way
K=Okay
TY=Thank You
ROFL=Rolling on Floor Laughing
LOL=Laugh out Loud
TTYL=Talk to you later
FYI=For Your Information
LMAO=Laugh My Ass Out
WTF=What The F**k
FB=Facebook
LMFAO=Laugh my f**king ass off
WTH=What the hell
GM=Good Morning
LMK=Let Me Know
zzz=Sleeping
BFF=Best Friends Forever
Jk=Just kidding
B4=Before
L8=Late
gr8=great
plz=please
sry=sorry
bbz=babes
kk=okay
kl=cool

**নুসাইবা**
*খিলক্ষেত, ঢাকা*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **খায়রুল বাশার, সাইফুল ইসলাম ও নুসাইবা।**